

১২	মুড়াউল বাজার	দক্ষিণ শাহবাজপুর	১৫৯০/-	৫০০/-
১৩	গোয়ালটা বাজার	দাসেরবাজার	১১১৩/-	৫০০/-
১৪	ডিমাই বাজার	বড়লেখা সদর	৩৮,৪২৫/-	৫০০/-
১৫	কালিবাড়ী বাজার	বড়লেখা সদর	৪২৯৩/-	৫০০/-
১৬	মুন্সিবাজার	নিজবাহাদুরপুর	৮২২/-	৫০০/-
১৭	অফিস বাজার	দক্ষিণ শাহবাজপুর	৯০,৯৪৮/-	৫০০/-
১৮	বিহরা বাজার	বড়লেখা সদর	২১৭৩/-	৫০০/-
১৯	কানুনগো নতুন বাজার	তালিমপুর	১১,৯১১/-	৫০০/-
২০	কাঠাতলী বাজার	দক্ষিণভাগ(উত্তর)	১৮,০১৪/-	৫০০/-
২১	বড়লেখা পুরান বাজার	বড়লেখা সদর	৫৫,৫২৬/-	৫০০/-
২২	আজিমগঞ্জ বাজার	সুজানগর	৭৪,৬২৪/-	৫০০/-

(সিভিল রিভিশন নং ৪৩৩২/৯৯  
মামলায় জড়িত)

## ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

- ০১। বাংলা ১৪২৯ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।
- ০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনাতে অব্যহত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মতে টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারা গ্রহীতা হাট-বাজারটি অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না।
- ১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।